

কৃষি সম্পদ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
সরেজমিন উইং  
খামারবাড়ি, ঢাকা-১২১৫  
[www.dae.gov.bd](http://www.dae.gov.bd)

### স্মারকলিপি

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাঠ পর্যায়ে চলতি “কার্তিক মাসে কৃষকভাইদের করণীয়” বিষয়ে একটি লিফলেট এতদসংগে সংযুক্ত করে প্রেরণ করা হলো। এ লিফলেটটি মুদ্রন করে আপনার অঞ্চল / জেলার কৃষকভাইদের মাঝে ব্যাপকভাবে প্রচার করার জন্য নির্দেশ প্রদান করা হলো এবং এ বিষয়ে অংগুতির প্রতিবেদন নিম্নস্থানের কার্যালয়ে বরাবরে প্রেরণ করার জন্য বলা হলো।

সংযুক্ত ৪ কার্তিক মাসে কৃষকভাইদের করণীয় - ১ (এক) পৃষ্ঠা।

*জুনোপুর(৩)*  
(চৈতন্য কুমার দাস)  
পরিচালক (ভারপ্রাপ্ত)  
সরেজমিন উইং  
ফোনঃ ৮১২৩১৪৭।

*মাটি-৩*  
১২১০১১২

স্মারক নং : ১২.১০.০০০০.০০৮.১৬.০৫২.১৩ (২য় অংশ)/১২১০৭(৭০) তারিখঃ ১৮/১০/১৫

অনুলিপি: জ্ঞাতার্থে ও কার্যার্থে-

- ১। পরিচালক, প্রশাসন ও অর্থ/হার্টিকালচার/প্রশিক্ষণ/উদ্ভিদ সংরক্ষণ/উদ্ভিদ সংগনিরোধ/ক্রপস/পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা।
- ২। পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, ডিএই, খামারবাড়ি, ঢাকা। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৩। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ----- অঞ্চল (১৪টি)।
- ৪। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ----- জেলা (সকল)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেও

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ৩। অতিরিক্ত সচিব (সম্প্রসারণ) মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ৪। মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, ডিএই, খামারবাড়ি, ঢাকা-১২১৫।

## কার্তিক মাসে কৃষকভাইদের করণীয়

১. এ মাসে ঘূর্ণিঝড়, তুফান ও জলোচ্ছবি হতে পারে। প্রয়োজনীয় সতর্কতা ও প্রস্তুতি রাখতে হবে;
২. এ মাসে হঠাৎ বৃষ্টিতে রোপণকৃত শাকসবজির চারা নষ্ট হতে পারে। শাকসবজি রক্ষার জন্য পানি নিষ্কাশনের ব্যবস্থা করতে হবে;
৩. বন্যার পানি নেমে যাওয়ার সাথে সাথে বিনা চাষে বারি ৯, বারি ১৪ ও বারি ১৫ জাতের সরিষা, মশুর, খেসারি, পানি কচু রোপন করুন;
৪. খরা সহনশীল ছোলা, মুগ, তিল, তিষি, যব ইত্যাদি বপন করুন;
৫. মাদায় মিষ্টিকুমড়া ও লাউয়ের বীজ বপন করুন;
৬. বন্যার পানি নেমে যাওয়ার সাথে সাথে বিনাচাষে মালচিং দিয়ে আলু আবাদ করুন;
৭. মাটিতে জো আসার সাথে সাথে শীতকালীন শাক-সবজি ও বোরো ধানের বীজ বপন করুন;
৮. চীনাবাদামের বীজ বপন করুন;
৯. মাসের দ্বিতীয় সপ্তাহ পর্যন্ত খরা কবলিত রোপা আমন ধানে ফিতা পাইপ ব্যবহার করে সম্পূরক সেচ দিন;
১০. মাসের শেষ সপ্তাহে গম বীজ বপন করুন; বেড প্লন্টার ব্যবহার করে আগাম বুনা হলে ভাল ফলন পাওয়া যায়;
১১. আগাম শীতকালীন সবজি, যেমনঃ ফুলকপি, বাধাকপি, ওলকপি, গাজর, টমেটো, পালংশাক, মুলা ইত্যাদি পরিচর্যা করুন;
১২. মাসের তৃতীয় সপ্তাহ পর্যন্ত উঁচু স্থানে, পালিব্যাগে অথবা বেডে আধের চারা তৈরি করুন;
১৩. ভুট্টা বীজ বপন করুন;
১৪. আলুর জন্য বীজ সংগ্রহ করুন, জমি তৈরী ও বীজ বপন করুন;
১৫. সেচ নালা সংক্ষার ও মেরামত করুন;
১৬. সেচ ক্ষীম ম্যানেজারদের বারিদ পাইপ, ফিতা পাইপ, এডলিওডি পদ্ধতি ব্যবহারের সুফল এবং খুব পদ্ধতিতে সেচ প্রদানের ব্যবস্থা করতে হবে;
১৭. সংরক্ষিত গোবর, কম্পোস্ট / খামারজাত সার ভালভাবে পঁচনের জন্য ওলট-পালট করে দিন;
১৮. উন্নত মানের পিঁয়াজ, রসুনের বীজ সংগ্রহ করে সময়মত বপন/রোপন করুন;
১৯. সীমের পোকা মাকড় দমনে ব্যবস্থা নিন;
২০. মসূর বীজ ভিটাভেঞ্চ / প্রোভেঞ্চ দ্বারা শোধন করে বুনতে হবে; এতে ফুট রট / কলার রট রোগের প্রাদুর্ভাব কম হবে;
২১. এ মাসে অনেকের আমন ধান পেকে যাবে তাই রোদেলা দিন দেখে ধান কাটতে হবে;
২২. ধান ফসলের বিগিএইচ আক্রমন পর্যবেক্ষণ করুন; আক্রমনের সাথে সাথে জমির পানি দ্রুত অপসারণ করে বালাইনাশক দ্বারা দমনের ব্যাবস্থা নিন;
২৩. খোল পোড়া ও কান্ড পচঁা রোগের জন্য জমির পানি দ্রুত অপসারণ করে কার্বনডাজিম/মেনকোজেব/ম্যাটালাস্কিল গ্রংপের ছাত্রাকনাশক দ্বারা দমনের ব্যাবস্থা নিন।